

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৬ (প্রশিক্ষণ)
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৯.০০৭.১৮.০২


তারিখ: ২০ পৌষ ১৪২৪
০৩ জানুয়ারী ২০১৮

বিষয়: ই-নামজারী ব্যবস্থাপনা সিস্টেম বাস্তবায়নে প্রশিক্ষণের ব্যয় নির্বাহের জন্য অর্থ ছাড়করণ প্রসঙ্গে।
সূত্র: ১। ০৩.৮০২.০০.০০.২০১৭.২১৪৩, তারিখঃ ০১.০৮.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি সংস্কার বোর্ড ও a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মধ্যে ০২ নভেম্বর ২০১৬ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক ভূমি সংস্কার বোর্ড ই-নামজারী বাস্তবায়নে ১ম পর্যায়ে পাইলটসহ ৫৩ টি উপজেলা/সার্কেল এবং ২য় পর্যায়ে ৫৯ টি উপজেলা/সার্কেলে মাস্টার ট্রেনিংদের প্রশিক্ষণ, প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ আয়োজন করে। এরই ধারাবাহিকতায় ৩য় পর্যায়ে আরও ১৪৮ টি উপজেলায় ই-মিউটেশন বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে প্রশিক্ষক-প্রশিক্ষণে ৬০০ জনকে ২৫ টি ব্যাচে এবং ব্যবহারকারী-প্রশিক্ষণে ৩৫৫২ জনকে প্রতি উপজেলায় ০১ টি করে মোট ১৪৮ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হবে।

উল্লেখ্য যে, ৩য় পর্যায়ের প্রশিক্ষণে ১ জন সার্পোর্ট স্টাফ এর পরিবর্তে ২ জন সার্পোর্ট স্টাফ, প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদানসহ খাবার সরবরাহের জন্য অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হবে।

এমতাবস্থায়, ৩য় পর্যায়ে ১৪৮ টি উপজেলার প্রশিক্ষক-প্রশিক্ষণ ও ব্যবহারকারী-প্রশিক্ষণের ব্যয় নির্বাহের প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অনুরোধ করা হলো।


(মোঃ মাহমুজুর রহমান)
চেয়ারম্যান
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন - ৯৫৬৬৭৩৯

সহ পরিচালক (প্রশাসন)

ও

প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম,
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ এনায়েত হক
ন্যাশনাল কনসালটেন্ট, a2i প্রোগ্রাম।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।